শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০১০.১৮-১৮২

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৫
৩১ মার্চ ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলার ০২/০২/২০১১ তারিখের রায় এবং আপিল মামলা নং-১১০০/২০১২ এর ০৯/০২/২০১৪ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, তেলিগাতী, খুলনা এর ১০ জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে ০৬/০৫/২০১০ থেকে ৩০/০৬/২০১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধ সংক্রান্ত।

সূত্র: (১) অধ্যক্ষ, খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, খুলনা-এর ২৮/০১/১৯ তারিখের আবেদন।
(২) জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা এর নিকট হতে প্রাপ্ত Notice of Contempt.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্র দুটির পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দিঘলিয়া উপজেলাধীন খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকার নির্বাচিত করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেখে একই মন্ত্রণালয়ের ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব আব্দুর রশিদ বিশ্বাস কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলা দায়ের করা হয়।

২। বিগত ১৫/১২/২০১০ তারিখে আরো অন্যান্য ৩টি মামলার সাথে (একত্রে মোট ৪টি মামলার) মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলার রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The respondetns are hereby directed to enlist the name of the respective College in the MPO list within a period of 90 days from the date of receipt of this judgment and order provided those Colleges fulfill the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010.

৩। রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১১০০/২০১২ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 442 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৪। উক্ত আপিল মামলার রায়ের আলোকে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত আরো অন্যান্য ০৫টি প্রতিষ্ঠানের সাথে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ২৬/৬/২০১৪ তারিখে শিম/শা-১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩ সংখ্যক স্মারকমূলে পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক জুলাই/২০১৪ মাস হতে বকেয়াসহ আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করা হয়েছে মর্মে মে/২০১৫ মাসের এমপিও সীট দেখা যায়।

৫। এক্ষণে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ০৬/৫/২০১০ হতে ৩০/০৬/২০১৪ তারিখ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য আবেদনকারী কর্তৃক সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়েছে।

৬। ইতোমধ্যে রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১১০০/২০১২ মামলার ০৯/০২/২০১৪ তারিখে প্রদত্ত নির্দেশনার আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর থেকে বকেয়া প্রদানের কথা উল্লেখ করে বিজ্ঞ আইনজীবী কর্তৃক Notice of Contempt প্রেরণ করা হয়েছে।

৭। উল্লেখ্য, রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-১১০০/২০১২ মামলায় বিগত ০৯/১২/২০১৪ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই।

৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-১১০০/২০১২ মামলার বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের নির্দেশনা না থাকায় খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, তেলিগাতী, খুলনা এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৬/০৫/২০১০ থেকে ৩০/০৬/২০১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের সুযোগ নেই মর্মে প্রতীয়মান হয়। বিষয়টি নির্দেশক্রমে মহোদয়কে অবহিত করা হলো।

৩১/৩/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৮৬৫৮৩।

জনাব আব্দুর রশিদ বিশ্বাস
অধ্যক্ষ
খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ
তেলিগাতী, কুয়েট-৯২০৩, খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, বিজ্ঞ এ্যাডভোকেট, কক্ষ নং-১৪২, সুপ্রীম কোর্ট বার এ্যাসোসিয়েশন ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭। অফিস কপি/মাস্টার কপি।